# ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

**প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪)**
**৮, রাজউক এভিনিউ, ঢাকা।**
**হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট**

তারিখ: ০৪ অগ্রহায়ণ ১৪২৭
১৯ নভেম্বর ২০২০

## প্রজ্ঞাপন নং- ২৪ /২০২০

কোভিড-১৯ সংক্রমণের সম্ভাব্য Second Wave মোকাবেলায় মাস্ক পরিধান ও স্বাস্থ্যবিধি প্রতিপালন নিশ্চিতকরণে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, মন্ত্রিপরিষদ বিভাগ, মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা এর ২৫ অক্টোবর ২০২০ তারিখের ০৪.০০.০০০০.৫১২.১৮.০০৩.২০.৫১৪ নম্বরযুক্ত স্মারক এবং ০৩ নভেম্বর ২০২০ তারিখের ০৪.০০.০০০০.৫১২.১৮.০০৩.২০.৫৩০ নম্বরযুক্ত স্মারক সকলের অবগতি ও পরিপালনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এতৎসঙ্গে প্রজ্ঞাপিত হলো।

(তানজিনা চৌধুরী)
মহাব্যবস্থাপক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
২. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
৩. মহাব্যবস্থাপকগণের সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. চেয়ারম্যান মহোদয়ের সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
৮. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. অফিস কপি।

**কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ**

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১২.১৮.০০৩.২০.৫১৪ তারিখ: ৯ কার্তিক ১৪২৭
২৫ অক্টোবর ২০২০

বিষয়: **কোভিড-১৯ সংক্রমণের সম্ভাব্য Second Wave মোকাবেলায় মাস্ক পরিধান নিশ্চিতকরণ**

সূত্র: সচিব, স্বাস্থ্য সেবা বিভাগের আধা-সরকারি পত্র নম্বর: ৪৫.০০.০০০০.১৭১.৩২.০১৭.২০.৩৪৩, তারিখ: ২২.১০.২০২০

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকে প্রাপ্ত আধা-সরকারি পত্রের চিত্রপ্রতিলিপি এইসঙ্গে প্রেরণ করা হলো। কোভিড-১৯ সংক্রমণের সম্ভাব্য Second Wave মোকাবেলায় মাস্ক পরিধান নিশ্চিত করা, চিকিৎসা কাজে নিয়োজিত ব্যক্তিবর্গ ব্যতীত অন্য সকল ক্ষেত্রে পুনর্ব্যবহারযোগ্য কাপড়ের মাস্ক পরিধান করা, মাস্ক পরিধান বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের সামনে দৃশ্যমান স্থানে 'মাস্ক ব্যবহার ব্যতীত প্রবেশ নিষেধ/No Mask No Entry' অথবা 'মাস্ক পরিধান করুন, সেবা নিন/Wear Mask, Get Service' বিষয়ে ব্যানার স্থাপন এবং কোভিড-১৯ প্রতিরোধে জারিকৃত পরিপত্রসমূহের নির্দেশনা বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। এ ছাড়া, মাস্ক ব্যতীত অফিস/আদালত/শপিংমল/বাজার/সামাজিক/রাষ্ট্রীয় অনুষ্ঠানে না যাওয়া এবং কোনো সাহায্য/সহযোগিতা/সার্ভিস না পাওয়ার বিষয়টিও নিশ্চিত করতে হবে।

০২। এমতাবস্থায়, উল্লিখিত আধা-সরকারি পত্রের আলোকে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে এক পৃষ্ঠা।

২৫-১০-২০২০
মোঃ শাফায়াত মাহবুব চৌধুরী
উপসচিব
ফোন: ৯৫৭৫৪৪৭
ফ্যাক্স: ৯৫৭৩৫৩৩
ইমেইল: dfal_sec@cabinet.gov.bd

বিতরণ :
১) সিনিয়র সচিব/সচিব (সকল)
২) বিভাগীয় কমিশনার (সকল)
৩) জেলাপ্রশাসক (সকল)
৪) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১২.১৮.০০৩.২০.৫১৪/১(২) তারিখ: ৯ কার্তিক ১৪২৭
২৫ অক্টোবর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:
১) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
২) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১২.১৮.০০৩.২০.৫৩০ তারিখ: ১৮ কার্তিক ১৪২৭
০৩ নভেম্বর ২০২০

বিষয়: **কোভিড-১৯ সংক্রমণের সম্ভাব্য Second Wave মোকাবেলায় মাস্ক পরিধান ও স্বাস্থ্যবিধি প্রতিপালন নিশ্চিতকরণের লক্ষ্যে ব্যাপক প্রচারণা**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ৪.০০.০০০০.৫১২.১৮.০০৩.২০.৫১৪, তারিখ: ২৫.১০.২০২০

আসন্ন শীত মৌসুমে দেশে কোভিড-১৯ সংক্রমণ বৃদ্ধির আশঙ্কা করা হচ্ছে। কোভিড-১৯ সংক্রমণের সম্ভাব্য এই Second Wave মোকাবেলায় মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান এবং মাঠ পর্যায়ে সকলের মাস্ক পরিধান নিশ্চিত করা প্রয়োজন। অথচ সম্প্রতি সকলের মধ্যে মাস্ক ব্যবহারসহ অন্যান্য স্বাস্থ্যবিধি প্রতিপালনে কিছুটা শিথিলতা লক্ষ্য করা যাচ্ছে।

০২। এমতাবস্থায়, সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান এবং মাঠ পর্যায়ের সকল দপ্তরে **'মাস্ক ব্যবহার ব্যতীত প্রবেশ নিষেধ/No Mask, No Entry', 'মাস্ক পরিধান করুন, সেবা নিন/Wear Mask, Get Service'** ইত্যাদি বার্তা উপযুক্ত মাধ্যমে (পোস্টার/স্টিকার/ব্যানার/বিলবোর্ড ইত্যাদি) দৃশ্যমান করাসহ সকল সেবা প্রদানকারী ও সেবা গ্রহণকারীর মাস্ক পরিধান ও স্বাস্থ্যবিধি প্রতিপালন নিশ্চিত করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**বিষয়টি জরুরি।**

৩-১১-২০২০
মোঃ শাফায়াত মাহবুব চৌধুরী
উপসচিব
ফোন: ৯৫৭৫৪৪৭
ফ্যাক্স: ৯৫৭৩৫৩৩
ইমেইল: dfal_sec@cabinet.gov.bd

বিতরণ :
১) সিনিয়র সচিব/সচিব (সকল)
২) বিভাগীয় কমিশনার (সকল)
৩) জেলা প্রশাসক (সকল)
৪) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১২.১৮.০০৩.২০.৫৩০/১(২) তারিখ: ১৮ কার্তিক ১৪২৭
০৩ নভেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
২) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ